




একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং :- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২২.০৬

তারিখ: ২০ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ  
০৪ জানুয়ারী, ২০২৩ খ্রিষ্টাব্দ

**ভর্তি আবেদন বিষয়ক বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক, শিক্ষাক্রমের সরকারি প্রতিষ্ঠানে চলমান ভর্তিতে ইতোমধ্যে যারা আবেদন করে Waiting List এ রয়েছে তাদের নতুন করে আবেদন করতে হবে না, তবে তাদের আবেদন ০৬-০৭ জানুয়ারী ২০২৩খ্রি: তারিখে টেকনোলজি/প্রতিষ্ঠানের পছন্দের ক্রমসহ অন্যান্য বিষয় প্রয়োজনীয় সংযোজন বা বিয়োজন করে পরিবর্তন/পরিমার্জন করার সুযোগ থাকবে। শুধুমাত্র যারা ১ম পর্যায়ে আবেদন করেনি কিংবা আবেদন করে ভর্তির জন্য নির্বাচিত হয়েও নিশ্চায়ন করবে না তারা চাইলে ০৬-০৭ জানুয়ারী ২০২৩খ্রি: তারিখে ২য় পর্যায়ের আবেদন গ্রহণের সময় পুনরায় আবেদন ফি প্রদানপূর্বক নতুন করে আবেদন করতে পারবে। ১ম পর্যায়ের ফলাফলে Waiting List থাকা শিক্ষার্থী ও নতুন করে আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে আগামী ১১ জানুয়ারী ২০২৩ খ্রি: তারিখে ২য় পর্যায়ের ফলাফল প্রকাশ করা হবে।

উল্লেখ্য যে, সকল নির্বাচিত শিক্ষার্থী ইতোমধ্যে ভর্তি নিশ্চায়ন সম্পূর্ণ করেছে, সে সকল শিক্ষার্থী [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) -তে প্রবেশ করে Registration Status অপশনে ক্লিক করে শিক্ষার্থীর রোল নম্বর, বোর্ড এবং পাশের সন ইনপুট দিলে Confirmation Status-এর ঘরে YES প্রদর্শিত হলে নিশ্চায়ন সঠিকভাবে সম্পূর্ণ হয়েছে বলে বিবেচিত হবে।

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহমেদ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং :- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২২.০৬

তারিখ: ২০ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ  
০৪ জানুয়ারী, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/বিএমইটি, ঢাকা।
- ৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ৪। সচিব/পরিচালক (আইটিসি)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জনাব.....।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। নথি।

(প্রকৌ. মোঃ ফারুক রেজা)  
কারিকুলাম বিশেষজ্ঞ

ও

ভর্তি শাখা (অতিরিক্ত দায়িত্ব)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।